

২০১৬

বাংলা – সাম্মানিক

সপ্তম পত্র

পূর্ণমান – ১০০

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক  
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়

(উত্তরের শব্দসংখ্যা পাঠ্যক্রম অনুসারে মান্য করতে হবে)

- ১। (ক) পত্রসাহিত্য ও ডায়ারি জাতীয় রচনার মধ্যে সাদৃশ্য ও বৈসাদৃশ্যের জায়গাগুলি উদাহরণসহ বিশদভাবে নির্দেশ করো। ব্যক্তিগত ডায়ারি কীভাবে বহুজনের আস্থাদায় হয়ে ওঠে? একটি সাহিত্য-পদবাচ্য ডায়ারির বিষয় ও রীতি বিশ্লেষণ করো। ৯+৪+৫
- অথবা
- (খ) যে-কোনো দু'টি বিষয়ে আলোচনা করোঃ ৯+৯
- (অ) আত্মগৌরবী প্রবন্ধ  
(আ) রম্যরচনা  
(ই) বাস্তববাদী সমালোচনা পদ্ধতি  
(ঈ) ভ্রমণ সাহিত্য।
- ২। (ক) 'পতঙ্গ' রচনাটি বিশ্লেষণ প্রসঙ্গে বঙ্কিমচন্দ্রের গদ্যরীতির বৈশিষ্ট্য লিপিবদ্ধ করো। ১২
- অথবা
- (খ) দৃশ্যত নিষ্ক্রিয় কমলাকান্ত তার সক্রিয় চিন্তাভাবনার জন্যই আমাদের কাছে এত চিত্তাকর্ষক। — এই মন্তব্যটির আলোকে বঙ্কিমচন্দ্রের কমলাকান্ত চরিত্রটির পর্যালোচনা করো। ১২
- ৩। (ক) 'মঙ্গলা আমার বিয়ুপন ; প্রসন্ন আমার ভগীরথ ; আমি দুই জনকেই সমান ভালবাসি।' — কোন্ রচনার অংশ? এ কথা বলার কারণ বিশ্লেষণ করো। ১+৩
- অথবা
- (খ) 'চোর দোষী বটে, কিন্তু কৃপণ ধনী তদপেক্ষা শতগুণে দোষী।' — কোন্ রচনার অংশ? প্রসঙ্গ উল্লেখ করে ব্যাখ্যা করো। ১+৩
- ৪। (ক) 'ছিন্নপত্র'-এ তোমার পঠিত একটি পত্রে রবীন্দ্রনাথ কোন্ প্রসঙ্গে 'সোশিয়ালিস্ট'-দের কথা বলেছেন, তা ব্যাখ্যা করে বুঝিয়ে নাও। ১২
- অথবা
- (খ) 'ছিন্নপত্র' পর্বে দৃষ্টি এবং হৃদয় দিয়ে যে অর্জন, তাই শিল্পরূপ নিয়ে অভিব্যক্ত হয়েছে রবীন্দ্রনাথের ছোটগল্পগুলিতে। — পাঠ্যতালিকাভুক্ত পত্রের সাফল্য মন্তব্যটি সম্পর্কে তোমার অভিমত নাও। ১২

[Turn Over]

৫। (ক) 'অন্ধকারের আবরণের মধ্যে দিয়ে এই লোকালয়ের একটি যেন সজীব হৃৎস্পন্দন আমার বক্ষের উপর এসে আঘাত করতে লাগল।' — কোন্ লোকালয়ের কথা বলা হয়েছে? পত্রসংখ্যা উল্লেখ করে বলা এই পত্রটিতে রবীন্দ্রনাথ তাঁর লেখা কোন্ কবিতার প্রসঙ্গ এনেছেন?

২+১+১

অথবা

(খ) 'মানুষের মনখানাও ঠিক ঐ প্রকাণ্ড প্রকৃতির মতো রহস্যময়।' — 'ছিন্নপত্র'-র প্রাসঙ্গিক পত্র অবলম্বনে মন্তব্যটির তাৎপর্য ব্যাখ্যা করো।

৪

৬। (ক) 'আর কোনো দেশের প্রাগৈতিহাসিক শিল্পী এ অবস্থা পায় নি।' — কোন্ অবস্থার কথা বলা হয়েছে তা আলোচনা করো। ইউরোপীয় শিল্পের বর্তমান অবস্থাকে দাবা খেলার সঙ্গে তুলনা করার কারণটি পরিস্ফুট করো।

৮+৭

অথবা

(খ) ভারতে হিন্দির বহুল প্রচলন সত্ত্বেও অন্নদাশঙ্কর তাকে রাষ্ট্রভাষার স্বীকৃতি দেওয়ার বিরোধী কেন? ইংরেজির গুরুত্ব থাকলেও কোন্ পরিস্থিতিতে আমাদের কাছে তার প্রয়োজন ফুরোতে পারে বলে লেখক মনে করেন?

৮+৭

৭। (ক) 'প্রয়োজন ছিল এই বিদ্রোহের।' — কোন্ বিদ্রোহের কথা বলা হয়েছে এবং তা কীভাবে বাংলা কবিতার পালাবদল এনেছিল, সে বিষয়ে লেখকের বক্তব্য তুলে ধরো।

১৫

অথবা

(খ) 'কিন্তু কথা এই — এই বিষয়বস্তু ও রূপ দুই-ই আবার কাল থেকে কালে বদলায়।' — 'আধুনিক সাহিত্য' প্রবন্ধে প্রাবন্ধিক তাঁর এই বক্তব্যকে কীভাবে উপস্থাপিত করেছেন তা বিবৃত করো।

১৫

৮। নিম্নলিখিত যে-কোনো একটি বিষয় অবলম্বনে প্রবন্ধ রচনা করো:

২০

(ক) ষোড়শ শতকে বাংলার নবজাগরণ ও বাংলা সাহিত্য

(খ) মধ্যযুগের বাংলা সাহিত্যে নারী চরিত্র

(গ) আধুনিক বাংলা কবিতায় পাশ্চাত্য প্রভাব

(ঘ) বাংলা সাহিত্যে আত্মজীবনী

(ঙ) বাংলা একাঙ্ক নাটক

(চ) স্বাধীনতা-উত্তর বাংলা উপন্যাস

(ছ) বাংলা সাহিত্য ও চলচ্চিত্র

(জ) গণনাট্য আন্দোলন।